গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মধুখালী, ফরিদপুর।
http://madhukhali.faridpur.gov.bd

# উপজেলা আইসিটি কমিটির মার্চ, ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মোস্তফা মনোয়ার<br>উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর। |
| তারিখ | : | ২৪ মার্চ, ২০২১ খ্রি. |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মধুখালী, ফরিদপুর। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং গত ফেব্রুয়ারি, ২১ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মধুখালী'কে অনুরোধ করেন। তিনি উক্ত কমিটির সম্মানিত উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানান। অত:পর সভার আলোচনা শুরু করা হয়।

তৎপ্রেক্ষিতে আইসিটি'র বিস্তার সংক্রান্ত কার্যক্রম পরিচালনা এবং ডিজিটাল বাংলাদেশ তথা আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণ ও স্কুল-কলেজের আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য সম্মানিত সদস্যবৃন্দ'কে তাঁদের মূল্যবান মতামত উক্ত কমিটির সভাপতি বরাবর পরবর্তী সভার পূর্বে প্রেরণের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ** সাধারণ জনগণ তথ্য সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা, সরকারি দপ্তর/বিভাগ এবং ইউনিয়ন সমূহে সরকারি উদ্যোগে ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। ফলে ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণ জনগুরুত্বপূর্ণ হয়েছে। ওয়েব পোর্টাল হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। এটি সবসময় হালনাগাদ করা প্রয়োজন। বর্তমানে উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল গুলোর অবস্থান মোটামুটি ভালো। ওয়েব পোর্টালগুলোকে আরোও সমৃদ্ধ করার বিষয়ে আলোচনা হয়। | ১.১। সকল সরকারি দপ্তর/বিভাগের জরুরি খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী, সকল কর্মকর্তা, কর্মচারি, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদকরণ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ১.২। এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালে জরুরি খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী, সকল কর্মকর্তা, কর্মচারি, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য, জনপ্রতিনিধি, হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, মন্দির, মসজিদ ইত্যাদির তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদকরণ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ১.৩। এ উপজেলার সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদকরণ কার্যক্রমের রিপোর্ট মাসিক আইসিটি কমিটির সভায় দাখিলকরণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ১.৪। প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানসহ প্রয়োজন বোধে সংশ্লিষ্ট যাবতীয় তথ্য সরবরাহকরণ বিষয়ে আইসিটি অধিদপ্তর, মধুখালী, ফরিদপুর কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার, মোবা: ০১৯১৩৭৩৪৫৯৮, ই-মেইল: dnbiswas৮৫@gmail.com) কে সহায়তা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মধুখালী উপজেলার সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। মধুখালী উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও উদ্যোক্তাগণ।<br>৩। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>৪। ইউডিসি উদ্যোক্তা (সকল), মধুখালী, ফরিদপুর। |
| ০২ | **ই-নথি বাস্তবায়নঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এসপায়ার টু ইনোভেট প্রোগ্রাম কর্তৃক বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ | ২.১। ইতোমধ্যে ই-নথি সিস্টেমে লাইভ সার্ভারে স্থাপিত দপ্তরসমূহের দাপ্তরিক নথি কার্যক্রম অনলাইন নথি ব্যবস্থাপনায় শুরু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, |

| | | | |
|---|---|---|---|
| | লক্ষ্যে ই-নথি ব্যবস্থাপনা চালু হয়েছে । সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক নথি কার্যক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে অনলাইন নথি ব্যবস্থাপনায় (ই-নথি সিস্টেম) ব্যবহার নিশ্চিতকরণ সরকারের ধারাবাহিক পেপারলেস অফিস বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ বিষয় ও "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে বিস্তারিত নির্দেশনা রয়েছে। ই-নথি ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ই-নথি সিস্টেমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রাপ্ত সরকারি দপ্তর/বিভাগকে লাইভ সার্ভারে ক্রমান্বয়ে স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.৩। এক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান ও প্রয়োজন বোধে তৎসংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য সরবরাহকরণ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামারকে সহায়তা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। উপজেলার সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগ প্রধানগণ।<br>৩। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর। |
| ০৩ | **ডিজিটাল সেন্টার/এক সেবা বাস্তবায়নঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে খুব সহজেই নাগরিকরা বিভিন্ন সেবা পেয়ে থাকেন। করোনা সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে ইউনিয়ন ডিজিটাল সেন্টার খোলা রাখার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। ইউনিয়ন ডিজিটাল সেন্টার খোলা না থাকলে জনগণের সেবা প্রাপ্তিতে ভোগান্তি হয়। ফেব্রুয়ারি, ২০২১ মাসে ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত খোলা রাখার জন্য ইউডিসি উদ্যোক্তাদের প্রশংসা করেন। এছাড়াও প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাগণকে তাদের আয়-ব্যয়ের সঠিক পূর্ণ হিসাব একসেবায় আপলোড করার জন্য বলা হয়। আয়ের পরিমান বৃদ্ধি করার জন্য ইউডিসির সেবা সংক্রান্ত প্রচার প্রচারণা ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে কভিড-১৯ প্রতিষেধক ঠিকা গ্রহন রেজিস্ট্রেশন সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ৩.১। সভাপতি বলেন যে, সহকারী প্রোগ্রামার করোনা সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে ডিজিটাল সেন্টার পরিদর্শন করবেন এবং কীভাবে তাদের আয় ক্রমান্বয়ে বৃদ্ধি করা যায়, সেই মর্মে পরামর্শ প্রদান করবেন। এছাড়াও ডিজিটাল সেন্টার থেকে বিদ্যুৎ বিল গ্রহণ, ডিজিটাল সেন্টারগুলোতে ই-মিউটেশন সেবা চালু এবং প্রয়োজনে উদ্যোক্তাদের উপজেলা ভূমি অফিসে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিদর্শন রিপোর্ট তথ্য ও যোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী'তে অনুলিপি প্রদান করতে হবে। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মাতৃত্বকালীন ও বিধবা ভাতা ইউডিসি থেকে মধুমতি ব্যাংকের মাধ্যমে প্রদান, ইউডিসির আয়ের তথ্য একসেবাতে (https://eksheba.gov.bd/) আপলোড ও কভিড-১৯ প্রতিষেধক রেজিস্ট্রেশন করার জন্য https://surokkha.gov.bd/ সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), মধুখালী, ফরিদপুর।<br>২। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>৩। উদ্যোক্তা (সকল), মধুখালী, ফরিদপুর। |
| ০৪ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাব/অন্যান্য কম্পিউটার ল্যাব সম্পর্কিতঃ** বর্তমান সরকারের ভিশন-২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **"সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন"** শীর্ষক প্রকল্পের আওতায় মধুখালী উপজেলায় ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" ও ০১ টি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়েছে। এর মধ্যে আবদুর রহমান টেকনিক্যাল এন্ড ইঞ্জিনিয়ারিং কলেজ'র স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব হতে গত ১৬/০২/২০১৭ খ্রি. তারিখে ১৭ টি ল্যাপটপ চুরি হয়েছে মর্মে জানা যায়। ল্যাবের বর্তমান অবস্থা সর্ম্পকে বিস্তারিত আলোচনা করা হয়। করোনা কালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার সময়ে কম্পিউটার ল্যাব কিভাবে সচল রাখা যায় সেই বিষয়ে আলোচনা করা হয়। ল্যাবের সকল কম্পিউটার ও ল্যাপটপে এজেন্ট সফটওয়্যার ইনস্টল করার বিষয়ে আলোচনা করা হয়। | ৪.১। শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ মোতাবেক কম্পিউটার ল্যাবসমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ করে শিক্ষার্থীদেরকে প্রোগ্রামিং শেখার ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকগণদের অনুরোধ করা হয়। সহকারী প্রোগ্রামার শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন করে এর রিপোর্ট তথ্য ও যোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী'তে অনুলিপি প্রদান করতে হবে। আবদুর রহমান টেকনিক্যাল এন্ড ইঞ্জিনিয়ারিং কলেজ'র স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে ল্যাব সচলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে কিভাবে ল্যাবের কম্পিউটার গুলো সচল রাখা যায়, সেই বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণ প্রয়োজনীয়ন ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ল্যাবের সকল কম্পিউটার ও ল্যাপটপে এজেন্ট সফটওয়্যার ইনস্টল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।<br>৩। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ। |
| ০৫ | **মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ** উপজেলার সকল সরকারি, বে-সরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস | ৫.১। মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান প্রদান করা সম্ভব না হলে অনলাইন ভিত্তিক "আমার ঘর আমার স্কুল" এর মাধ্যমে সকল শিক্ষার্থীরা ঘরে বসে ক্লাস করতে পারে | ১।উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | আলোচনা করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, বর্তমান করোনাকালীন সময়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে, ফলে মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। প্রাথমিক শিক্ষা কার্যক্রম অনলাইন ভিত্তিক সচল রাখার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে এ উপজেলায় আকাশ আমার পাঠশালা নামে একটি ফেসবুক পেজ ব্যবহার করে অনলাইন ক্লাস পরিচালনা করা হয় মর্মে জানানো হয়। | ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনলাইন ভিত্তিক ক্লাস পরিচলনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরিদপুর।<br>২।সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।<br>৪। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ। |
| ০৬ | **ইনফো সরকার-২ প্রকল্প বাস্তবায়নঃ** ইনফো সরকার-২ প্রকল্পে স্থাপিত উপজেলা পর্যায়ে সকল সরকারি অফিস/ দপ্তরে ইন্টারনেট সেবা নিশ্চিত করছে। এই প্রকল্পে উপজেলা পর্যায়ে, সার্ভার রুম স্থাপন এবং এই রুমে অনেক মূল্যবান সুইচ, রাউটার, ব্যাটারি রয়েছে যা সকল সরকারি অফিস/দপ্তরকে নিরবচ্ছিন্ন ভাবে ইন্টারনেট এর সুবিধা প্রদান করে আসছে। | ৬.১। উপজেলা পর্যায়ে ইনফো সরকার-২ প্রকল্পের (ফাইবার @ হোম) মাধ্যমে এ সময়ে সকল সরকারি অফিস/দপ্তরে যেন নিরবচ্ছিন্ন ইন্টারনেট সরবরাহ প্রদান করে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। মধুখালী ফাইবার @ হোমের প্রতিনিধি। |
| ০৭ | সভায় **"১০০০ টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন"** প্রকল্পের অধীনে মধুখালী উপজেলার ১১টি ইউনিয়নের মধ্যে ৯ টি ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। তন্মধ্যে ০২ টি ইউনিয়নে ইন্টারনেট সংযোগ সচল রয়েছে। অবশিষ্ট ইউনিয়নগুলো অচল অবস্থায় রয়েছে। অচল ইউনিয়ন গুলোর ইন্টারনেট সংযোগ সচল এবং যে ০২ টি ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয় নাই সেই বিষয়ে আলোচনা করা হয়। | ইউনিয়ন গুলোর ইন্টারনেট সংযোগ সচলকরণের জন্য উপব্যবস্থাপক, বিটিসিএল, ফরিদপুর বরাবর পত্র দেওয়া হয়েছে মর্মে জানানো হয়। পত্র দেওয়ার প্রেক্ষিতে অচল ইউনিয়ন পরিষদের ইন্টারনেট সচল করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>০২। উপব্যবস্থাপক, বিটিসিএল, ফরিদপুর |

পরিশেষে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


মো: মোস্তফা মনোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
মধুখালী, ফরিদপুর
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি/ফোরাম
ফোন: ০৬৩২৬-৫৬২৫৫
ই-মেইল: unomadhukhali@mopa.gov.bd


স্মারক নং: ৫৬.০৪.২৯৫৬.০০১.০৬.০১১.১৯: ১৫৮(৫০)

তারিখ ১০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-১, ও উপদেষ্টা আইসিটি বিষয়ক উপজেলা কমিটি।

২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৬। পরিচালক,(অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৭। পরিচালক, (পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৮। উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৯। উপপরিচালক, অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

১১। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

১২। সিস্টেম ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, ফরিদপুর।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

৪। চেয়ারম্যান উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।

৫। পোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফরিদপুর।

৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক..................................................................................মধুখালী, ফরিদপুর

৭। সহকারী কমিশনার (ভূমি), মধুখালী, ফরিদপুর।

৮। উপজেলা .............................................. মধুখালী, ফরিদপুর।

৯। জনাব ...............................................................................................

১০। অফিস নথি

২৪/০৬/২০২২


দ্বিজেন্দ্র নাথ বিশ্বাস
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
মধুখালী, ফরিদপুর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি/ফোরাম
মোবাইল: ০১৯১৩৭৩৪৫৯৮
ই-মেইল: dnbiswas৮৫@gmail.com